

কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA)

সংযুক্তকরণ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়

উপজেলা- দুর্গাপুর, জেলা- নেত্রকোণা।

স্মারক নং-৩৩.০১.৭২১৮.০০০.০০.০৪৬.১৬/১৬৭

তারিখ -০২/১২/২১ইং

প্রাণিসম্পদ অধিদপ্তর এর আওতায় “ প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাসচাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প ” এর কার্যক্রম মাঠপর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের অধীনে উপজেলার সকল ইউনিয়নে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং খামারীদের ঘাসচাষে উদ্ভুদ্ধকরণ, প্রশিক্ষণ প্রদান উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্প সংশ্লিষ্ট কাজের নিমিত্ত প্রকল্প চলাকালীন সময়ের জন্য প্রতি উপজেলায় ০১ (এক) জন করে কমিউনিটি এক্সটেনশন এজেন্ট সংযুক্ত করা হবে। নিম্নোক্ত শর্তাবলী পূরণ করে এমন প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি -২ কপি, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, ধর্ম, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) সম্বলিত তথ্যাদিসহ দরখাস্ত আহ্বান করা হলো। অগ্রহীনের আগামী ০৮/১২/২০২১ ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে চাহিত তথ্যাদি সহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো। পরীক্ষা গ্রহণের তারিখ -০৯/১২/২০২১ ইং সকাল- ১১.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, দুর্গাপুর, নেত্রকোণায় অনুষ্ঠিত হবে।

শর্তাবলী :-

- ১। ডিপির সংস্থান মোতাবেক ভাতা / পারিশ্রমিকে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্পের নিয়ম কানুন ও নির্দেশনা প্রতিপালন স্বাপেক্ষে ৩০০/- নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তির মাধ্যমে প্রকল্প চলাকালীন সময়ের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) হিসাবে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সাথে সম্পৃক্ত হতে আগ্রহী হতে হবে।
- ২। সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা, ন্যূনতম এসএসসি বা সমমান পাশ, কর্মঠ, উদ্যোগী এবং নেতৃত্বের গুণাবলী সম্পন্ন এলাকায় সুপরিচিত বেকার যুবক/যুব মহিলা হতে হবে।
- ৩। নিজে গবাদিপশু পালন ও ঘাসচাষে আগ্রহী এবং উপজেলায় খামারী পর্যায়ে অধিক উৎপাদনশীল উন্নত জাতের ঘাসচাষ সম্প্রসারণে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে সম্প্রসারণ এজেন্ট হিসাবে সহযোগিতা প্রদানে আগ্রহী হতে হবে।
- ৪। উপজেলা প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় রেখে উপজেলা সদরে অধিক উৎপাদনশীল উন্নত জাতের ঘাসের উৎপাদন/ বাজার স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে আগ্রহী হতে হবে।
- ৫। প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা মোতাবেক সম্পন্ন করতে আগ্রহী হতে হবে।
- ৬। অফিস সময়ে নিয়মিত কর্মস্থলে উপস্থিত থাকতে হবে এবং প্রকল্প সংশ্লিষ্ট কাজ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা অনুযায়ী করতে হবে।
- ৭। বয়স ২০- ৪৫ এর মধ্যে হতে হবে তবে প্রাণিসম্পদ অধিদপ্তরাদিগণ সমাপ্ত উন্নয়ন প্রকল্প সমূহে কর্মরত ছিলেন এমন প্রার্থীকে অগ্রাধিকার দিতে হবে এবং তাদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
- ৮। অধিদপ্তরাদিগণ চলমান অন্যকোন উন্নয়ন প্রকল্পের কোন সুবিধাভোগীকে এই প্রকল্পের আওতায় সুফলভোগী হিসাবে নির্বাচন করা যাবে না।
- ৯। আদালত কর্তৃক দোষী সাব্যস্ত অথবা অপ্রকৃতস্থ ব্যক্তিকে কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) পদে অযোগ্য বলে বিবেচিত হবে।
- ১০। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) এর উল্লেখিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালনের মানসিকতা থাকতে হবে।

২/১

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভা: প্রা:)

দুর্গাপুর, নেত্রকোণা।

ও

সদস্য সচিব

প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাসচাষ সম্প্রসারণ

ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের কমিউনিটি

এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচন কমিটি।

বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ সহ প্রেরণ করা হলো:

- ১। উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, নেত্রকোণা।
- ২। উপজেলা কৃষি কর্মকর্তা, দুর্গাপুর, নেত্রকোণা।
- ৩। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।

অনুলিপি

- ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নেত্রকোণা।
- ২। প্রকল্প পরিচালক, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প।
- ৩। অফিস নথি।

২/১২/২১

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভা: প্রা:)

দুর্গাপুর, নেত্রকোণা।

ও

সদস্য সচিব

প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাসচাষ সম্প্রসারণ

ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের কমিউনিটি